

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
ঢাকা।

সাধারণ আদেশ নং-০৮/মুসক/২০১৮ তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ, ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ উৎপাদিত বিড়ির প্যাকেটে ব্যবহারের উদ্দেশ্যে নির্ধারিত ব্যান্ডরোল সংগ্রহের পদ্ধতি।

মূল্য সংযোজন কর আইন, ১৯৯১, অতঃপর আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এবং উক্ত ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জারীকৃত এস.আর.ও. নং- ১৮২-আইন/২০১১/৬০৫-মুসক, তারিখ ০৯ জুন, ২০১১ খ্রিস্টাব্দ, অতঃপর প্রজ্ঞাপন বলিয়া উল্লিখিত, এর ক্ষমতাবলে, উক্ত ধারা ও প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:

১। এই আদেশ উৎপাদিত বিড়ির প্যাকেটে বাধ্যতামূলকভাবে ব্যবহারের উদ্দেশ্যে নির্ধারিত ব্যান্ডরোল সংগ্রহ পদ্ধতি, ২০১৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা:-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে ব্যান্ডরোল অর্থ আইনের ধারা ৬ এর উপ-ধারা (৪ক) ও উপরি-উক্ত প্রজ্ঞাপনে বর্ণিত বিড়ির প্যাকেটে ব্যবহারের উদ্দেশ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত বিশেষ নিরাপত্তামূলক ব্যবস্থা সম্বলিত, দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লি., গাজীপুর কর্তৃক মুদ্রিত এবং উল্লিখিত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ-৪ এ বর্ণিত নির্দিষ্ট আকার ও রং এর ব্যান্ডরোল।

৩। **ব্যান্ডরোল উৎপাদন, সংরক্ষণ, সরবরাহ, সংশ্লিষ্ট হিসাব সংরক্ষণ ও প্রতিবেদন প্রেরণ:** বোর্ডের সহিত সম্পাদিত সমঝোতা চুক্তি অনুসারে এবং সময়ে সময়ে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট হইতে প্রাপ্ত সম্মতিপত্র বা কার্যাদেশের ভিত্তিতে দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লি., গাজীপুর এই আদেশে উল্লিখিত ব্যান্ডরোল মুদ্রণ বা উৎপাদন, মজুদ-সংরক্ষণ, উৎপাদিত ব্যান্ডরোল ব্যবহারকারীদের নিকট সরবরাহ, এতদ্বিষয়ক হিসাব সংরক্ষণ ও আনুষঙ্গিক অন্যান্য দায়িত্ব পালন করিবে।

৪। **উৎপাদক কর্তৃক বাংলাদেশে উৎপাদিত বিড়ির ক্ষেত্রে অনুসরণীয় রীতি ও পদ্ধতি:** এই আদেশের উদ্দেশ্যে পূরণকল্পে বিড়ি উৎপাদক প্রতিষ্ঠান নিম্নোক্ত রীতি ও পদ্ধতি অনুসরণ করিবে -

(১) নিবন্ধিত বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান সংশ্লিষ্ট মুসক সার্কেলে ব্যান্ডরোল পরিবহনের জন্য সর্বোচ্চ দুইজন ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিবার লক্ষ্যে ৪ কপি 'ফরম-ক' পূরণ করিয়া মুসক বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিবেন। বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অনুমোদিত 'ফরম-ক' এর ১ কপি সংশ্লিষ্ট মুসক সার্কেলে, ১ কপি দি সিকিউরিটি

প্রিন্টিং প্রেস (বাংলাদেশ) লিঃ, গাজীপুরে, ১ কপি বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠানে এবং ১ কপি ব্যান্ডরোল পরিবহনের সময় শুধুমাত্র মনোনীত ব্যক্তি সংরক্ষণ করিবেন। মনোনীত ব্যক্তি দি সিকিউরিটি প্রিন্টিং প্রেস (বাংলাদেশ) লিঃ, গাজীপুর হইতে বিড়ির ব্যান্ডরোল সংগ্রহ করিবেন। দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর কেবল এইরূপ মনোনীত ব্যক্তির নিকটই উৎপাদকের নিশ্চিত চাহিদা (Firm Demand Order) অনুযায়ী ব্যান্ডরোল সরবরাহ করিবেন।

(২) ব্যান্ডরোল প্রাপ্তির জন্য দি সিকিউরিটি প্রিন্টিং প্রেস (বাংলাদেশ) লিঃ, গাজীপুরকে ন্যূনতম একমাস পূর্বে ব্যান্ডরোলের ধরণ উল্লেখপূর্বক প্রয়োজনীয় চাহিদা ‘ফরম-খ’ তে দাখিল করিতে হইবে। সংশ্লিষ্ট মূসক সার্কেলের রাজস্ব কর্মকর্তা তাহা প্রতিস্বাক্ষর করিবেন।

(৩) ব্যান্ডরোলের পর্যাপ্ত মজুদ রাখিয়া প্রয়োজন সৃষ্টির অন্তত দশ দিন পূর্বে দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর হইতে প্রযোজ্য আকার, রং ও মূল্যমানের প্রয়োজনীয় সংখ্যক ব্যান্ডরোল সংগ্রহ করিতে হইবে। এক্ষেত্রে, আইনানুগ রেয়াত (যদি প্রাপ্য হয় তাহা হিসাব করিয়া) সমন্বয়পূর্বক দাখিলপত্রে প্রদর্শনের শর্তে নীট মূসক ও সম্পূরক শুল্ক ট্রেজারি চালানের মাধ্যমে জমা করিবেন। এছাড়া, প্রযোজ্য সারচার্জ ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিয়া সকল চালানের মূলকপি সংশ্লিষ্ট মূসক সার্কেলে প্রদান করিবেন। ‘ফরম-খ’ এর সাথে রাজস্বের হিসাব যথাযথ পাইলে সংশ্লিষ্ট সার্কেলের দায়িত্বপ্রাপ্ত রাজস্ব কর্মকর্তা ট্রেজারি চালানের অনুলিপিগুলো সত্যায়িত করিয়া উৎপাদকের নিশ্চিত চাহিদা ফরম (Firm Demand Order) ‘ফরম-গ’ একটি অগ্রায়ণপত্রসহ সিকিউরিটি প্রিন্টিং প্রেসে প্রেরণ করিবেন। দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুরের ব্যান্ডরোল প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যান্ডরোল রেজিস্টার ‘ফরম-ঘ’ এর (৭) নং কলামে স্বাক্ষর করিয়া প্রদত্ত ব্যান্ডরোলের পরিমাণ উল্লেখপূর্বক মনোনীত ব্যক্তিকে ব্যান্ডরোল প্রদান করিবেন। একইসাথে এতদসঙ্গে সংযুক্ত ‘ফরম-ঙ’ পূরণপূর্বক তাহা সংরক্ষণ করিয়া, উক্ত সংস্থার প্রযোজ্য অন্যান্য চালান ইস্যু করিবেন। সরবরাহ গ্রহণের ন্যূনতম দুইদিন পূর্বে বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান বিষয়টি দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুরকে নিশ্চিত করিবেন।

(৪) বিড়ি উৎপাদকের চাহিদা অনুযায়ী দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর যাহাতে যথাসময়ে পর্যাপ্ত সংখ্যক ব্যান্ডরোল আগাম মুদ্রিত করিয়া রাখে সেই উদ্দেশ্যে প্রত্যেক নিবন্ধিত উৎপাদক তাহার বিভিন্ন ব্র্যান্ডের বিড়িতে ব্যবহার্য ব্যান্ডরোলের মাসিক সম্ভাব্য চাহিদা ‘ফরম-খ’ অনুযায়ী দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর কর্তৃপক্ষকে রেজিস্ট্রি ডাকে বা ফ্যাক্সযোগে বা অন্যবিধভাবে নিশ্চিত ব্যবস্থায় অগ্রিম অবহিত করিবে, যার অনুলিপি সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তাকে প্রদান করিতে হইবে।

(৫) দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লি., গাজীপুর হইতে সংগৃহীত ব্যাল্ডরোল নিরাপদে নিজস্ব কারখানায় আনিবার দায়িত্ব সম্পূর্ণরূপে বিড়ি উৎপাদকের ওপর বর্তাইবে। এইজন্য তাঁহাকে পরিবহনকারী ব্যক্তি, যানবাহন ও পরিবহনের সময় ইত্যাদি বিষয়ে অত্যন্ত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। এইসব ব্যাল্ডরোল যেহেতু প্রকারান্তরে এক প্রকার রাজস্ব, কাজেই উহা হারাইলে বা অন্যভাবে ব্যবহৃত হইলে তাহার দায়দায়িত্ব ব্যবহারকারীকেই বহন করিতে হইবে। অনুরূপভাবে নিবন্ধিত উৎপাদকের কারখানা হইতে কোনো ব্যাল্ডরোল চুরি হইলে বা অকারণে নষ্ট হইলে ব্যবহারকারীই তাহার জন্য দায়ী হইবেন এবং চুরি হওয়া, হারাইয়া যাওয়া, খোয়া যাওয়া বা নষ্ট হওয়া ব্যাল্ডরোলের ওপর প্রযোজ্য শুল্ক ও কর পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

(৬) বিড়ির প্যাকেটে ব্যবহারের উদ্দেশ্যে নিবন্ধিত উৎপাদক সবসময় পর্যাপ্ত পরিমাণ ব্যাল্ডরোল মজুদ রাখিয়া নতুন চালান আনিবার ব্যবস্থা করিবেন।

(৭) সংগৃহীত ব্যাল্ডরোল কারখানায় আনিবার পর “ফরম-ঘ” এর ছকে তৈরি রেজিস্টারে এতদসংক্রান্ত প্রয়োজনীয় তথ্য লিপিবদ্ধ করিতে হইবে। সংগৃহীত ব্যাল্ডরোল ব্যবহার, মজুদ ইত্যাদি বিষয়েও প্রয়োজনীয় তথ্য হালনাগাদ করিয়া রাখিতে হইবে।

(৮) নিবন্ধিত উৎপাদক তাহার সংগৃহীত ব্যাল্ডরোল মজুদ, ব্যবহার, প্রদত্ত রাজস্ব, ব্র্যান্ড নামওয়ারী খালাসকৃত প্যাকেট ইত্যাদির বিষয়ে মাসিক পরিস্থিতি পরবর্তী মাসের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ‘ফরম-চ’ তে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে ও বিভাগীয় কার্যালয়কে অবহিত করিবেন। বিভাগীয় কার্যালয় তাহা যাচাই করিয়া সঠিক পাইলে সংশ্লিষ্ট কমিশনারকে অবহিত করিবেন। এই ক্ষেত্রে, কোন প্রকার ফাঁকি বা অনিয়ম পরিলক্ষিত হইলে আইনানুগ কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

(৯) নিবন্ধিত বিড়ি উৎপাদকের উৎপাদিত ব্র্যান্ড নামের বিড়ি অন্য কেউ নকল করিয়া ব্যাল্ডরোল ছাড়া উৎপাদন করিয়া কিংবা নকল না করিয়া ব্যাল্ডরোল ছাড়া উৎপাদন করিয়া বাজারজাত করিতেছে কিনা সেই বিষয়ে প্রত্যেক উৎপাদককে সতর্ক থাকিতে হইবে। এই ধরনের অভিযোগ পাইবার সাথে সাথে তিনি আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবার জন্য সংশ্লিষ্ট কমিশনার (মূল্য সংযোজন কর) কে লিখিতভাবে অবহিত করিবেন।

(১০) এই আদেশে যাহাই বলা থাকুক না কেন, নিবন্ধিত উৎপাদককে মূল্য সংযোজন কর আইন ও বিধিমালার আওতায় প্রযোজ্য অপরাপর বিধানাবলী যেমন- উৎপাদিত ও সরবরাহকৃত বিড়ির প্রদেয় সম্পূর্ণক শুল্ক ও মূল্য সংযোজন কর যথাসময়ে পরিশোধ, ক্রয় হিসাব পুস্তক, বিক্রয় হিসাব পুস্তক, চলতি হিসাব পুস্তক, কর চালানপত্র পুস্তক, ব্যাল্ডরোল রেজিস্টার ইত্যাদি যথারীতি সংরক্ষণ ও অনুসরণ করিতে হইবে। তাহা ছাড়া নিবন্ধিত উৎপাদক তৎকর্তৃক আমদানিকৃত বা স্থানীয়ভাবে ক্রয়কৃত উপকরণে প্রদত্ত মূল্য সংযোজন কর, আইন ও বিধিমালার বিধান অনুযায়ী রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

৫। অন্যান্য প্রতিপালনীয় বিষয়াদি:

(১) দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লি., গাজীপুর হইতে সরবরাহকৃত ব্যান্ডরোল এর সংখ্যার সাথে ব্যবহারকারী প্রতিটি নিবন্ধিত উৎপাদকের গৃহীত সংখ্যার সমন্বয় (Reconciliation), গৃহীত ব্যান্ডরোলের ব্যবহার, বিড়ি উৎপাদন পরিস্থিতি পর্যালোচনা ইত্যাদি সংক্রান্ত রেকর্ডস ও কার্যাদি প্রতি ছয় মাসে অন্ততঃ একবার সংশ্লিষ্ট মূসক কমিশনার কর্তৃক গঠিত কমিটি পরীক্ষা ও নিরীক্ষা করিবার ব্যবস্থা করিবেন।

(২) ব্যান্ডরোল ছাড়া কোনো নিবন্ধিত বা অনিবন্ধিত উৎপাদক বিড়ি উৎপাদন ও বাজারজাত করিলে তাঁহার বিরুদ্ধে আইনের ধারা ৩৭ ও ধারা ৩৮ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৩) জাল বা ব্যবহার অনুপযোগী বা ব্যবহৃত ব্যান্ডরোলের সনাক্তকরণ ও পুনঃ ব্যবহাররোধে মাঠ পর্যায়ের সকলস্তরের কর্মকর্তাদের ব্যাপক নিবারক কার্যক্রম পরিচালনা করিতে হইবে। বিড়ির ক্ষেত্রে খুচরামূল্য নির্ধারিত থাকায় খুচরা ও পাইকারি ব্যবসায় পর্যায়ে এটি মূল্য সংযোজন কর প্রদান হইতে অব্যাহতিপ্রাপ্ত হইলেও তাঁহাদের কার্যক্রমও এইরূপ নিবারক তৎপরতার আওতাভুক্ত হইবে। জাল বা ব্যবহৃত বা ব্যবহার অনুপযোগী ব্যান্ডরোলসহ যে কোনো বিড়ির প্যাকেট তাৎক্ষণিকভাবে আটকপূর্বক সরাসরি সংশ্লিষ্ট এলাকার কমিশনারকে তাহা অবহিত করিতে হইবে। আটককারী কমিশনারেটে আটককৃত বিড়ির নমুনা সংরক্ষণ, সংশ্লিষ্ট এলাকার কমিশনারের নিকট পর্যাপ্ত পরিমাণ প্রত্যায়িত নমুনা প্রেরণ এবং আইনানুযায়ী ন্যায় নির্ণয় (Adjudication) সম্পর্কিত আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে। পাশাপাশি আইনের ধারা ৩৭ এর অধীনে আরোপযোগ্য ও শাস্তিমূলক কার্যক্রমও অব্যাহত রাখিতে হইবে।

(৪) কোনো নিবন্ধিত বা অনিবন্ধিত ব্যক্তি খুচরা বা পাইকারী বিক্রেতার নিকট ব্যান্ডরোলবিহীন বিড়ির প্যাকেট মজুদ, সংরক্ষণ বা তাহার দ্বারা বিক্রয়, সরবরাহ, পরিবহন বা হস্তান্তর পরিলক্ষিত হইলে তাহাদের ক্ষেত্রেও আইনের ধারা ৩৭ ও ৩৮ সহ অন্যান্য বিধানাবলী প্রযোজ্য হইবে।

৬। **জারিকরণ ও হেফাজতঃ** এই আদেশ ১৭ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে। এই আদেশ জারি হওয়া সত্ত্বেও পোস্ট অফিস মারফত প্রদত্ত ব্যান্ডরোলের বিপরীতে কোন দায়-দেনা বা বকেয়ার উদ্ভব হইলে তাহা এইরূপে আদায়যোগ্য হইবে যেন, এই আদেশ জারিকৃত হয়নি।

মনোনয়ন 'ফরম-ক'

প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী কর্তৃক সত্যায়িত ছবি	প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী কর্তৃক সত্যায়িত ছবি
---	--

<p>মনোনীত ব্যক্তির নামঃ</p> <p>১. বাংলায়ঃ..... ইংরেজিতেঃ.....</p> <p>২. বাংলায়ঃ..... ইংরেজিতেঃ.....</p>

মনোনীত ব্যক্তির ঠিকানা	মনোনীত ব্যক্তির ঠিকানা
<p>১.পদের নাম.....</p> <p>২.বর্তমান ও স্থায়ী ঠিকানা.....</p> <p>.....</p> <p>৩. বিশেষ সনাক্তকারী চিহ্ন.....</p> <p>৪. জাতীয় পরিচয়পত্র নম্বর</p> <p>৫. স্বাক্ষর ১.</p> <p>২.</p> <p>৩.</p> <p>প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী কর্তৃক স্বাক্ষর সত্যায়ন ও তারিখ</p>	<p>১.পদের নাম.....</p> <p>২.বর্তমান ও স্থায়ী ঠিকানা.....</p> <p>.....</p> <p>৩. বিশেষ সনাক্তকারী চিহ্ন.....</p> <p>৪. জাতীয় পরিচয়পত্র নম্বর</p> <p>৫. স্বাক্ষর ১.</p> <p>২.</p> <p>৩.</p> <p>প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী কর্তৃক স্বাক্ষর সত্যায়ন ও তারিখ</p>

.....
প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর
নাম, স্বাক্ষর, তারিখ ও সীল

<p>উপরোক্ত বিবরণ যাচাই করে সঠিক পাওয়া গেল।</p> <p>.....</p> <p>সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তার স্বাক্ষর ও সীল</p>	<p>.....</p> <p>বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর ও সীল</p>
--	--

চাহিদাপত্র 'ফরম-খ'

সম্ভাব্য চাহিদা সংক্রান্ত পত্র নং তারিখ অর্থবছর
..... মাসের নাম

প্রাপক:

জনাব

.....

দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন(বাংলাদেশ) লি., গাজীপুর-১৭০৩।

বিষয়: ব্যান্ডরোলের জন্য নিবন্ধিত উৎপাদকের সম্ভাব্য মাসিক চাহিদাপত্র।

ক্রমিক নং	বিড়ির ব্র্যান্ড নাম	প্যাকেটের ধরণ	ব্যান্ডরোল ধরণ	ব্যান্ডরোল সংখ্যা	ব্যান্ডরোল সংশ্লিষ্ট রাজস্বের পরিমাণ	মন্তব্য
		(শলাকাভিত্তিক ও ফিল্টারভিত্তিক আলাদাভাবে)				
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

প্রতিষ্ঠান কর্তৃপক্ষের স্বাক্ষর ও তারিখ:

নাম ও পদবি:

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:

মুসক নিবন্ধন নং:

সংশ্লিষ্ট সার্কেলের রাজস্ব কর্মকর্তার নাম,

স্বাক্ষর, সীল ও তারিখ

‘ফরম-গ’

উৎপাদকের নিশ্চিত চাহিদা আদেশ নং তারিখ

(সর্বশেষ ‘ফরম-খ’ এর নম্বর ও তারিখ লিখিতে হইবে)

মাসের নাম.....অর্থবছর

প্রাপক:

জনাব

.....

দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লি., গাজীপুর-১৭০৩।

বিষয়: সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন হতে ব্যান্ডরোল সংগ্রহের লক্ষ্যে উৎপাদকের প্রস্তুতকৃত ও স্থানীয় মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের প্রত্যায়িত নিশ্চিত চাহিদা আদেশ।

ক্রমিক নং	ব্যান্ড নাম	প্যাকেটের ধরণ (ফিল্টার ভিত্তিক)	প্রতি প্যাকে টে শলাকা র সংখ্যা	শলাকা ও ফিল্টারভিত্তিক ব্যান্ডরোলের পরিমাণ ও মূল্য			প্রাপ্য রেয়াত	রেয়াত বাদে প্রদেয় রাজস্বের পরিমাণ (দেওয়ানী চালানের সত্যায়িত কপি সংযুক্ত)	মন্তব্য
				ফিল্টার / নন ফিল্টার	প্রাপ্য ব্যান্ডরোলে র পরিমাণ	মূল্য			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)
				ফিল্টার					
				নন ফিল্টার					

কারখানায়/ব্যবসায়স্থলে সংশ্লিষ্ট রাজস্ব এলাকার সহকারী রাজস্ব কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ এবং নামীয় সীল।	প্রতিষ্ঠান কর্তৃপক্ষের স্বাক্ষর ও তারিখ: নাম ও পদবি: প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: মুসক নিবন্ধন নং:
চাহিত ব্যান্ডরোল সরবরাহ করা যায়।	
রাজস্ব কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ এবং নামীয় সীল।	

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

বিভাগীয় কর্মকর্তা

‘ফরম-৬’

ডেলিভারি/সরবরাহ অর্ডার নম্বর ও তাং -----

বিষয়ঃ মেসার্স ----- ঠিকানা -----

মূসক নিবন্ধন নং ----- হতে -----

তারিখে প্রাপ্ত নিশ্চিত চাহিদা আদেশ নম্বর -----

তারিখঃ ----- তে উল্লিখিত ও রাজস্ব
কর্মকর্তা কর্তৃক প্রত্যায়িত তথ্যাদির ভিত্তিতে ব্যান্ডরোল সরবরাহ সংক্রান্ত।

ক্রমিক নং	বিড়ির ব্রান্ড নাম	প্যাকেটের ধরণ (শলাকা ও ফিল্টারভিত্তিক)	সরবরাহকৃত ব্যান্ডরোলের রং, সাইজ ও সংখ্যা			চালকের নামসহ যানবাহন নম্বর	মন্তব্য
			রং	সাইজ	সংখ্যা		
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)

বুঝিয়া পাইলাম।	
ক্রয়আদেশ প্রদানকারী প্রতিষ্ঠানের পক্ষে ব্যান্ডরোল গ্রহণকারী ব্যক্তির নাম, পদবি, মোবাইল নম্বর, স্বাক্ষর ও তারিখ	দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর এর স্ট্যাম্প বা ব্যান্ডরোল সরবরাহকারী কর্মকর্তার নাম, পদবি, মোবাইল নম্বর, স্বাক্ষর নামীয় সিল ও তারিখঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১। বিভাগীয় কর্মকর্তা -----

২। রাজস্ব কর্মকর্তা -----

‘ফরম-চ’

বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক ব্যান্ডরোল সংগ্রহ, উৎপাদিত বিড়িতে ব্যান্ডরোল ব্যবহার ইত্যাদির বিষয়ে সংশ্লিষ্ট
বিভাগীয় ও স্থানীয় মূল্য সংযোজন কর কর্তৃপক্ষকে প্রেরিতব্য মাসিক প্রতিবেদন

অর্থ বছর	মাসের নাম বা সময়কাল (--- ইহতে -- তাং পর্যন্ত)	ব্যান্ডরোলের ইস্যুকৃত নিশ্চিত চাহিদা আদেশ নং ও তাং	নিশ্চিত চাহিদা আদেশ অনুমায়ী বিড়ির ব্রান্ড নাম	প্যাকেটের খরণ ও পরিমাণ (শলাকা ও ফিল্টারভিত্তিক)	নিশ্চিত চাহিদা আদেশ অনুমায়ী ব্যান্ডরোলের চাহিদা সংখ্যা (রেং ও সাইজ ওয়ারী)	নিশ্চিত চাহিদা আদেশের বিপরীতে দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ডেলিভারি অর্ডার নং ও তারিখ	ডেলিভারি অর্ডার অনুমায়ী প্রাপ্ত ব্যান্ডরোলের সংখ্যা (রেং ও সাইজ ওয়ারী)	পূর্ব জেরসহ এই মাসে বা মেয়াদে প্রাপ্ত মোট ব্যান্ডরোল (রেং ও সাইজ ওয়ারী)	এই মাস বা মেয়াদে ব্যবহৃত ব্যান্ডরোল এর সংখ্যা (রেং ও সাইজ ওয়ারী)	এই মাস বা মেয়াদে নষ্ট বা ব্যবহারের অযোগ্য হয়ে যাওয়া ব্যান্ডরোল এর সংখ্যা (রেং ও সাইজ ওয়ারী)	এই মাস বা মেয়াদের শেষ দিনে (---- তারিখে) ব্যান্ডরোলের সমাপনী জের (রেং ও সাইজ ওয়ারী)	এই মাস বা মেয়াদে খালাসকৃত বিড়ির প্যাকেট সংখ্যা (ব্র্যান্ডওয়ারী)	মন্তব্য	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	

প্রতিষ্ঠান কর্তৃপক্ষের স্বাক্ষর ও তাং
(নামীয় সিল)

প্রাপক:

১। বিভাগীয় কর্মকর্তা, ----- বিভাগ।

২। রাজস্ব কর্মকর্তা, ----- সার্কেল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[হাছান মুহম্মদ তারেক রিকাবদার]
প্রথম সচিব (মূসক নীতি)